

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৭৮৯

২৬/ ফাযায়েল

পরিচ্ছেদঃ মহানবী (্ৠঃ) এর ক্ষমাশীলতা

আরবী

عَنْ أَبِي مُوسَى قَالَ كُنْتُ عِنْدَ النَّبِي عَلَيْ وَهُو نَازِلٌ بِالْجِعْرَانَةِ بَيْنَ مَكَّةَ وَالْمَدِينَةِ وَمَعَهُ بِلاَلٌ فَأَتَى رَسُوْلَ اللهِ عَلَى مُوسَى قَالَ اللهِ عَلَى اللهِ عَلَى اللهِ عَلَى الله عَلْمُ الله عَلَى الله عَلَى الله عَلْمُ الله عَلْمُ الله عَلْمُ الله عَلَى الله عَلْمُ اللهُ الله عَلْمُ الله عَلْمُ الله عَلْمُ الله عَلْمُ اللهُ الله عَلْمُ الله الله الله عَلْمُ الله الله الله الله الله عَلْمُ الله الله الله

বাংলা

(২৭৮৯) আবৃ মূসা (রাঃ) বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পাশে ছিলাম তখন তিনি মক্কা-মদীনার মাঝে জিইর্রানাতে অবস্থান করছিলেন। তাঁর সাথে ছিলেন বিলাল। ইতি মধ্যে এক বেদুঈন ব্যক্তি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে এসে বলল, 'হে মুহাম্মাদ! আপনি আমাকে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন, তা কি পালন করবেন না?' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, ''সুসংবাদ নাও।'' বেদুঈন তাঁকে বলল, 'আপনি আমাকে সুসংবাদ বহুবার বলেছেন।' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাগান্বিত অবস্থায় আবৃ মূসা ও বিলালের দিকে ফিরে বললেন, ''এ তো সুসংবাদ রদ্দ করে দিল, তোমরা তা গ্রহণ কর।''

তাঁরা বললেন, 'হে আল্লাহর রসূল! আমরা তা গ্রহণ করলাম।' অতঃপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম একটি পাত্রে পানি আনতে বললেন। অতঃপর তিনি তাতে নিজ দুই হাত ও চেহারা ধুলেন এবং কুলি ক'রে (কুলির পানি) তাতে দিলেন। তারপর বললেন, 'এ থেকে পান কর এবং তোমাদের চেহারা ও বুকে ঢেলে নাও এবং সুসংবাদ গ্রহণ কর।'

তাঁরা পাত্রটি নিয়ে তাই করলেন, যা করতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁদেরকে আদেশ



করেছিলেন। পর্দার আড়াল থেকে উম্মে সালামাহ ডাক দিয়ে বললেন, 'তোমাদের পাত্রে যা আছে, তার কিছু তোমাদের আম্মার জন্য বাঁচিয়ে রাখ।' সুতরাং তাঁরা তাঁর জন্য কিছু অবশিষ্ট রাখলেন।

ফুটনোট

(বুখারী ৪৩২৮, মুসলিম ৬৫৬১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন